prhp

মধ্যস্থতার

পথ নির্দেশ

RR Donnelley
B52684 (Bengali)

বিষয়সূচী

সেতু বন্ধন তৈরী করতে মধ্যস্থতাকে সাহায্য করতে দিন	2
কিভাবে মধ্যস্থতা সাহায্য করতে পারে?	3
মধ্যস্থতা কি আমার সমস্যা সমাধানে সাহায্য করতে পারে?	4
অন্য ব্যক্তি কি এতে রাজী হবেন?	4
কি হয়?	5
আমি কি আনুষ্ঠানিকভাবে কিছু করব না?	6
মধ্যস্থতায় কি সবসময় কাজ হয়?	7
কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন	8

আপনার ভাড়াবাড়ির মেরামতি ও রক্ষণাবেক্ষণে সমস্যা?

মধ্যস্থতা সেতুবন্ধন তৈরী করুক

প্রত্যেক বছর, স্কটল্যান্ডে, বাড়িওলা ও ভাড়াটেরা অনেক সমস্যা খুবই শীঘ্র ও বন্ধুসুলভ উপায়ে সমাধান করেন। কখনও কখনও যদিও কোনো পরিস্থিতির উদ্ভব হয় যখন কোনো মতৈক্যে পৌঁছনো বেশি কষ্টকর হয়ে দাঁড়ায়। প্রাইভেট রেন্টেড হাউসিং প্যানেল (Private Rented Housing Panel) রুলিং দিতে পারে যে কোনো বাড়িওলা তাদের কর্তব্য পালনে ব্যর্থ হয়েছে কিনা, কিন্তু যদি সমস্যার অন্য উপায়ে সমাধান করা যায় – যে উপায়টিতে সকলেরই মত আছে, তাহলে এটি প্রায়ই সহজ ও আরও অনেক বেশি সন্তোষজনক হয়। এই পদ্ধতিকে বলা হয় মধ্যস্থতা, এবং এটি ঝটিতি, ঘরোয়াভাবে ও সহজভাবে ব্যবহার করা যায়।

কিভাবে মধ্যস্থতা সাহায্য করতে পারে?

মধ্যস্থতা হল বিবাদ বিসংবাদ নিষ্পত্তি করার ঘরোয়া উপায়, এতে আনুষ্ঠানিক প্রক্রিয়ায় যে অর্থব্যয়, সময় ব্যয় ও শত্রুতার সৃষ্টি প্রায়ই হয়, তা থাকে না।

মধ্যস্থতা হল ব্যবহারিক, গোপনীয়, দ্রুত ও নিখরচার।

মানুষের মধ্যে সমস্ত অসুবিধার সমাধানে মধ্যস্থতা নিয়মিতভাবে সহায়তা করে, ছোটখাট মতানৈক্য থেকে খুবই গুরুতর ও অনেকদিনের বিবাদ বিসংবাদ পর্যন্ত।

মধ্যস্থতা যারা করেন (শান্তিসংস্থাপক) তাঁরা প্রশিক্ষণপ্রাপ্ত নিরপেক্ষ মনোভাবাপন্ন হন যারা অত্যন্ত কঠিন পরিস্থিতিতেও সর্বজনগ্রাহ্য কোনো সমাধান বের করতে দক্ষ।

মধ্যস্থতা কি আমার সমস্যা সমাধানে সাহায্য করতে পারে?

পারবে বলেই মনে হয়। শান্তিসংস্থাপকরা বাড়িওলা ও ভাড়াটের সাথে সংশ্লিষ্ট অধিকাংশ বিষয় নিয়ে আলোচনা করতে পারলে খুশীই হন, এবং আপনাকে আপনার দৃষ্টিকোণ ব্যাখ্যা করার সম্পূর্ণ সুযোগ দেওয়া হবে, যেমন অন্যব্যক্তির ক্ষেত্রেও তা করা হবে। মধ্যস্থতার উদ্দেশ্যই হল কোনো সমাধান খুঁজে বের করা যাতে প্রত্যেকেরই মত আছে।

অন্য ব্যক্তি কি এতে রাজী হবেন?

যদি আপনি ভাড়াটে হন তাহলে আপনাকে যা করতে হবে তা হল শুধু মাত্র “মধ্যস্থতা” বাক্সে টিক (✓) চিহ্ন দেওয়া, যা আপনার Private Rented Housing Panel-এর আবেদনে রয়েছে। তার পর আপনার বাড়িওলাকে জানানো হবে যে আপনি মধ্যস্থতার সাহায্যে সমস্যার সমাধান চান এবং জিজ্ঞাসা করা হবে এতে তাদের মত আছে কি না। প্রায়ই, দু পক্ষই কোনো আনুষ্ঠানিক শুনানীতে উপস্থিত থাকার চেয়ে মধ্যস্থতা ব্যবহার করতে পারলে খুশী থাকে। এর কারণ, মধ্যস্থতা সকলের বাঞ্ছনীয় সমাধান খুঁজতে দক্ষ।

যদি আপনি বাড়িওলা হন, আপনাকে শুধু জিজ্ঞাসা করা হবে আপনি মধ্যস্থতার কথা বিবেচনা করবেন কি না, যদি ভাড়াটে আগেই এতে রাজী হয়ে থাকে। এর কারণ হল, ভাড়াটেই প্রথম আবেদন করে এবং মধ্যস্থতার জন্য এটা জরুরী যে দুপক্ষ অংশগ্রহণে প্রস্তুত আছে।

কি হয়?

যদি আপনাদের দুজনেরই মত থাকে, এবং মনে হয় যে মধ্যস্থতাই সম্ভাব্য সমাধান, বৈঠক করার জন্য তারিখ ও স্থান ঠিক করা হয়।

প্রথমে শান্তিসংস্থাপকরা প্রত্যেক পক্ষের সাথে আলাদাভাবে দেখা করবে, যাতে পরিস্থিতি নিয়ে কথা বলা যায়। শান্তিসংস্থাপকরা সকলের আগ্রহ ও স্বার্থের ক্ষেত্র কি তা খুঁজে বার করতে ও এগিয়ে চলার সম্ভাবনাময় উপায় বের করতে সহায়তা করতে দক্ষ।

দুপক্ষই রাজী থাকলে, সবাই একজোট হবে। মধ্যস্থতা বৈঠক সংগঠিত হয়, যাতে সকলেরই নিজের নিজের মত উপস্থাপন করার সুযোগ থাকে, এবং শান্তিসংস্থাপদের কাজ হল এটাই দেখা যে সব কিছু সহজভাবে চলছে। দশটির মধ্যে নটা মধ্যস্থতা বৈঠকই মতৈক্যেতে সমাপ্ত হয়।

যদি বিশেষ কারণ থাকে যার ফলে লোকেরা নিজেরা মিটিং-এ আসতে পারে না, শান্তিসংস্থাপকরা তখন মিটিং ছাড়াই লোকেদের সঙ্গে দেখাসাক্ষাৎ করে তাদের মতানৈক্যের সমাধান করার চেষ্টা করে।

আমি কি আনুষ্ঠানিকভাবে কিছু করব না?

অনেক বিবাদ বিসংবাদের জন্য আনুষ্ঠানিক সমাধান সবসময় উপযুক্ত নয়, বা সর্বোত্তম পছন্দ নয়। এর কারণ হতে পারে, আইন কানুন আপনার পরিস্থিতির বিষয়ে স্পষ্ট নয় বা প্রয়োগ যোগ্য নয়, কারণ সাক্ষ্য প্রমাণ দেওয়া শক্ত বা সহজ কারণ হল, যে কারুর "জিত" হলে বা "হার" হলে আপনাদের মধ্যে পরিস্থিতি আরও ঘোরালো হয়ে দাঁড়াবে। সেজন্য, মধ্যস্থতা এত ভালো ফল দেয় – এটি ভবিষ্যতের জন্য এমন সমাধান দেয় যে জড়িত ব্যক্তিদের প্রত্যেকের জন্য এটি গ্রহণযোগ্য হবে এবং যেখানে অন্য সব উপায় ব্যর্থ হয়েছে সেখানে এটি প্রায়শই কার্যকরী হবে। সেজন্য অনেক জনসংগঠন সুপারিশ করে যে লোকেরা মধ্যস্থতা ব্যবহার করুক।

সবসময় কি মধ্যস্থতা কার্যকরী হয়?

বিবাদ নিষ্পত্তির অন্যসব উপায়ের মতই মধ্যস্থতাতেও সফলতা স্থিরনিশ্চিত নয়। মধ্যস্থতাতে যদিও বা কাজ না হয়, আপনি একটি অন্য পন্থা দেখতে পারেন এবং প্রাইভেট রেন্টেড হাউসিং প্যানেল কমিটি আপনার আবেদন বিবেচনা করবে, যেন আপনি কখনোই মধ্যস্থতা চেষ্টা করে দেখেন নি।

কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন

আমাদের মধ্যস্থতা সেবা বিষয়ে যদি আপনার আরও তথ্যের দরকার হয় তাহলে নীচের ঠিকানায় আমাদের সঙ্গে যোগাযোগ করুন ঃ

Private Rented Housing Panel
3rd Floor
140 West Campbell Street
Glasgow G2 4TZ

টেলি ঃ 0141 572 1170
ফ্যাক্স ঃ 0141 572 1171

www.prhpscotland.gov.uk